দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 24 1999

পৃষ্ঠা ১ কলাম ২

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার ফল প্রকাশে দীর্ঘসূত্রতা

আনোয়ার আলদীন ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের যে কোন পরীক্ষার ফলাফল প্রকাশে দীর্ঘসূত্রিতা রীতিমত নিয়মে পরিণত হইয়াছে। প্রতিষ্ঠার পর গত ৭ বৎসরে সমস্ত পরীক্ষার ফলাফলই নির্ধারিত সময়ে প্রকাশ করিতে ব্যর্থতার পরিচয় দিয়াছে এই বিশ্ববিদ্যালয়। ফলে দেশের কলেজগুলিতে অধ্যয়নকারী ছাত্র-ছাত্রীদের দারুণ অনিশ্চয়তার আবর্তে থাকিতে হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৮ সালের ডিগ্রী পরীক্ষার ফলাফল দীর্ঘ ৬ মাসেও প্রকাশিত হয় নাই। প্রচলিত পদ্ধতি এবং কম্পিউটারাইজড পদ্ধতিতে ফলাফল প্রস্তুত জটিলতার কারণে ফল প্রকাশ আরও

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

কতদিন লাগিবে তাহা নিয়াও অনিশ্চয়তার সৃষ্টি হইয়াছে। প্রয়োজনীয় প্রস্তুতি ছাড়াই এবং বিলম্বে প্রথমবারের মত কম্পিউটারাইজ পদ্ধতিতে এই ফলাফল প্রকাশের উদ্যোগ গ্রহণের ফলে এই অবস্থার সৃষ্টি হইয়াছে বলিয়া জানা গিয়াছে। গত বৎসরের অক্টোবর মাসে শুরু হইয়া এ বৎসরের জানুয়ারী মাসে এই ডিগ্রী পরীক্ষা শেষ হয়। দীর্ঘ ৪ মাস সময় লাগে পরীক্ষা সম্পন্ন করিতে। পরীক্ষায় সারাদেশ হইতে প্রায় ২ লক্ষ ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। নিয়ম অনুযায়ী পরীক্ষা শেষ হওয়ার পর ৩ মাসের মধ্যে ফলাফল প্রকাশের কথা। কিন্তু ৫ মাস কাটিয়া গিয়াছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ডিগ্রী পরীক্ষা শেষ হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রথমে প্রচলিত নিয়মে ফলাফল প্রকাশের জন্য কাজ শুরু করে। এ লক্ষ্যে জানুয়ারী মাসের শেষ সপ্তাহে দরপত্র আহ্বান করা হয় টেব্যুলেশন শিট ছাপাইবার জন্য। পরে আকস্মিকভাবে এই সিদ্ধান্ত পরিবর্তন করিয়া কম্পিউটারাইজড- পদ্ধতিতে ফলাফল প্রকাশের সিদ্ধান্ত হয়। সেইমত ১৭ই ফেব্রুয়ারীতে দরপত্র আহ্বান করা হয়। কিন্তু ঐ দরপত্রের কিছু শর্ত নিয়া সমস্যার সৃষ্টি হইলে এপ্রিল মাসে পুনঃদরপত্র আহ্বান করা হয়। ইহাতে শর্ত দেওয়া হয়, ৩১শে আগষ্টের মধ্যে কাজ শেষ করিতে হইবে। জানা যায়, এই দরপত্রে অংশ নেওয়া একটি প্রতিষ্ঠানকে এই ব্যাপারে ৩ বৎসরের জন্য নিয়োগ করা হইয়াছে।

এই ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি জানান, আগামী জুলাই মাসের শেষ ভাগে ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইবে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মূল লক্ষ্য ছিল সেশন জট নিরসন এবং কলেজগুলিতে শিক্ষাক্ষেত্রে গতিশীলতা আনয়ন। কিন্তু এই ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় ব্যর্থ হইয়াছে। [illegible]